136

দৈনিক বাংলা

তারিখ 02 JUL 1995
পৃষ্ঠা ৪ কলাম ৩

বাংলাদেশ ... ডকুমেন্টেশন কেন্দ্র

# কম্পিউটার শীট ঃ পরীক্ষার ঝামেলা

দেশের চারটি শিক্ষা বোর্ডের এইচ-এসসি পরীক্ষা আগামী জুলাই মাসের প্রথম সপ্তাহে শুরু হবে। পরীক্ষার্থীদের বিভিন্ন তথ্য পরীক্ষার খাতার প্রথম পৃষ্ঠায় কম্পিউটার শীটে লিখতে হবে। কম্পিউটার শীট পূরণ করার জন্য পরীক্ষা শুরু হবার বিশ মিনিট পূর্বে খাতা দেয়া হয়। শীটটি খুব সতর্কতার সাথে পূরণ করতে হয়। শীটটি পূরণ করার জন্য পরীক্ষার্থীদের বিশেষ মনোযোগ দিতে হয়। পরীক্ষা শুরুর পূর্বে মূল বিষয় ব্যতীত অন্য ব্যাপারে মনোনিবেশ করার কারণে মূল পরীক্ষার প্রতি মনোযোগ ব্যাহত হয় এবং স্বভাবতই পরীক্ষা আশানুরূপ হয় না। শুধু তাই নয়, কম্পিউটার শীট প্রথম পাতায় থাকার জন্য খাতা ভাঁজ করে লিখা যায় না, প্রতি পাতায় মার্জিন ঠিক রাখার জন্য রুল টানতে হয়, অতিরিক্ত শীট নিলে তা আবার কম্পিউটার শীটে 'মার্ক' করতে হয়। খাতা ভাজ না করতে পারার জন্য প্রথম দু'তিন পাতায় লিখা খুব অসুবিধা-জনক হয়ে পড়ে। পরীক্ষা হলের প্রায় বেঞ্চেরই উপরিভাগ মসৃণ না হওয়ায় লিখার সময় কাগজ ছিঁড়ে যাবার সম্ভাবনা থাকে। কাগজ ছিঁড়ে গেলে খাতাই বাতিল হয়ে যাবে। এ ব্যাপারে সদা সতর্ক থাকতে হয়। পরিদর্শকগণ যখন খাতায় স্বাক্ষর করেন তখন শীটটি পরীক্ষা করেন। শীট পরীক্ষা করতে এবং পরীক্ষার্থী যদি অতিরিক্ত কাগজ নেয় তবে তা কম্পিউটারের শীটে লিখতে কমপক্ষে বিশ মিনিট সময় লাগে। পরীক্ষার নির্ধারিত তিন ঘন্টা সময়ের বিশ পঁচিশ মিনিট এভাবে নষ্ট হয়। বিসিএস পরীক্ষার জন্য কম্পিউটারের একটি ভিন্ন শীট ব্যবহৃত হয়। পরীক্ষার খাতার সাথে একত্র না রেখে ভিন্নভাবে কম্পিউটার শীট ব্যবহার করা প্রয়োজন। তাতে সমস্যা অনেকটা দূর হতে পারে।

ছাত্রছাত্রীদের স্বার্থে সংশ্লিষ্ট বিভাগ এবং শিক্ষা মন্ত্রণালয় বিষয়টি গুরুত্বের সাথে দেখবেন বলে আশা রাখি।

জাহাঙ্গীর চাকলাদার
৩ পুষ্পরাজ সাহা লেইন
লালবাগ, ঢাকা।